জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়,ঢাকা।
www.jb.com.bd

রিটেইল কাস্টমার ডিপার্টমেন্ট-৪

তারিখঃ ১০ জুন ২০২৬
২৭ জৈষ্ঠ্য ১৪৩৩

আরসিডি সার্কুলার নম্বর: ১২০/২০২৬

সকল মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক
একান্ত সচিব, এমডি এবং সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারি কোম্পানি।

বিষয়ঃ ১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃঅর্থায়ন স্কিম প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বাংলাদেশ ব্যাংক এফআইডি সার্কুলার নং-০১/২০২১, সার্কুলার লেটার নং যথাক্রমে ০১/২০২২ এবং ০১/২০২৪ এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক এফআইডি সার্কুলার নং-০১,তারিখ: ০২/০৬/২০২৬ জারি করা হয়েছে যা সংশ্লিষ্ট সকলের অবগতি ও পরিপালনের নিমিত্ত নিম্নে উদ্ধৃত করা হলোঃ

উদ্ধৃত-
ক) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রনালয়ের আওতাধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত **"কৃষক স্মার্ট কার্ড নীতমালা-২০২৫"** অনুসারে কৃষক স্মার্ট কাডধারী প্রান্তিক/ভূমিহীন কৃষকদের ১০ টাকার হিসাব খোলা এবং এ পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় ঋণ বিতরণের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান। তবে, বর্ণিত স্কিমের আওতায় ঋণপ্রাপ্তিতে কার্ডবিহীন প্রান্তিক/ভূমিহীন কৃষকগণ যেন কোনভাবে বঞ্চিত না হন সে বিষয়েও সচেষ্ট থাকা এবং

খ) সম্প্রতি গ্রীষ্মকালীন অতিবৃষ্টির কারণে দেশের বিভিন্ন অঞ্চলে বিশেষত হাওর এলাকায় পাকা ধান ও অন্যান্য ফসলের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। এ প্রেক্ষিতে সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ, কিশোরগঞ্জ, নেত্রকোণা ও ময়মনসিংহ অঞ্চলের হাওর এলাকার পাশাপাশি দেশের অন্যান্য জেলায় অতিবৃষ্টিজনিত ফসলহানির কারণে ক্ষতিগ্রস্ত প্রান্তিক/ভূমিহীন কৃষকদেরকে ঋণ প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান।

২। এতদ্ব্যতীত, উল্লিখিত সার্কুলার/সার্কুলার লেটার এ বর্ণিত অন্যান্য নির্দেশনাসমূহ অপরিবর্তিত থাকবে।

-অনুদ্ধৃত

উল্লেখ্য, বাংলাদেশ ব্যাংক এফআইডি সার্কুলার নং-০১/২০২১ এর নির্দেশনার প্রেক্ষিতে অত্র ব্যাংকের জারিকৃত আরসিডি সার্কুলার নং ১০০/২০২১ তারিখ: ১৮/১০/২০২১ এ বর্ণিত অন্যান্য নির্দেশনাসমূহ অপরিবর্তিত থাকবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (২০২৩ পর্যন্ত সংশোধিত) এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত এ নিদের্শনা অবিলম্বে কার্যকর হবে।

আপনার বিশ্বস্ত,

নাজনীন ফারহানা
উপ-মহাব্যবস্থাপক

মো: আব্দুল মতিন
মহাব্যবস্থাপক